গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৮(৪০).১৭- 980 তারিখ: ০৫.১০.২০১৭ খ্রিঃ।

বিষয়: গুমানতলী ফাযিল মাদরাসার গভর্ণিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) গুমানতলী ফাযিল মাদরাসার স্মারক নং- গুমান: ফা: মা:/৯৯/১৭ তারিখ: ২৯.০৯.২০১৭ খ্রি:।
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪ তারিখঃ০৯.০৯.২০১৫খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, গুমানতলী ফাযিল মাদরাসার গভর্ণিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোস্থ ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাস্থ ১ম ব্যক্তি জনাব এস,এম, সাহাবুদ্দীন এম,এ ডিগ্রীধারী একজন ব্যক্তি। তিনি মাদরাসায় আর্থিক অনুদান হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা দান করেন, দরিদ্র শিক্ষার্থীদের জন্য ৩ (তিন) সেট কিতাব দান করেন, একটি সিলিং ফ্যান প্রদান করেন এবং মাদরাসার লিল্লাহ ফান্ডে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা দান করেন মর্মে বর্ণিত মাদরসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন পত্রে উল্লিখিত হয়েছে বিধায় বর্ণিত মাদরাসায় তিনি (জনাব এস,এম, সাহাবুদ্দীন) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব এস,এম, সাহাবুদ্দীন) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, গুমানতলী ফাযিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোস্থ ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব এস,এম, সাহাবুদ্দীন,পিতা: আলহাজ্ব নেছার আলী সরদার, গ্রাম ও পো: গুমানতলী, উপজেলা: শ্যামনগর, জেলা: সাতক্ষীরা -কে উক্ত মাদরাসার গভর্ণিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।

05.10.17
মো: আফাজ উদ্দীন
সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ফোন নং- ৯৩৪৫৮৮০
ই-মেইল-dgdmeb@gmail.com

অধ্যক্ষ
গুমানতলী ফাযিল মাদরাসা, ডাক: গুমানতলী, উপজেলা: শ্যামনগর, জেলা: সাতক্ষীরা।

অনুলিপি:
১.সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা
২.রেজিস্ট্রার,ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়,ধানমন্ডি,ঢাকা।
৩.সভাপতি, গুমানতলী ফাযিল মাদরাসা, ডাক: গুমানতলী, উপজেলা: শ্যামনগর, জেলা: সাতক্ষীরা।
৪. জনাব এস,এম, সাহাবুদ্দীন,পিতা: আলহাজ্ব নেছার আলী সরদার, গ্রাম ও পো: গুমানতলী, উপজেলা: শ্যামনগর, জেলা: সাতক্ষীরা।
৫. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা,ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৮.১৭- ৭৪৩ তারিখ ০৫.১০.২০১৭খ্রি.

বিষয়ঃ বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ম্যানেজিং কমিটি/গভর্ণিং বডি না থাকা কালে জেলা প্রশাসক কর্তৃক বেতন-ভাতাদির এম,পি,ও বিলে প্রতিস্বাক্ষর প্রসঙ্গে।

সূত্রঃ (১) হযরত শাহ্ আলী বোগদাদী (রহঃ) কামিল মাদরাসার স্মারক নং-অধ্যক্ষ(ভারপ্রাপ্ত) এর আবেদন তারিখঃ২৬.০৮.২০১৭খ্রি.
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শাঃ১১/২(২)/৯৯(অংশ-১)১২৮৮, তারিখঃ০৫.১০.২০০২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, হযরত শাহ্ আলী বোগদাদী (রহঃ) কামিল মাদরাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক এ অধিদপ্তরে লিখিত আবেদনের মাধ্যমে জানানো হয়েছে যে, মহোদয়ের মদরাসার গভর্ণিং বডির মেয়াদ ৩১.০৫.২০১৭খ্রিঃ তারিখে শেষ হয়েছে।

০২. বর্ণিত মাদরাসার গভর্নিং বডির সভাপতির বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে মামলা থাকায় (মামলা নং-১২৭৪৯/১৬) যথাসময়ে নিয়মিত গভর্নিং বডি গঠন সম্ভব হয়নি মর্মে অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কর্তৃক আবেদনে উল্লিখিত হয়েছে।

০৩.নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিত গভর্ণিং বডি গঠিত না হওয়ায় এডহক কমিটি গঠনের জন্য ২৫.০৮.২০১৭খ্রি. তারিখে উপাচার্য/রেজিষ্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা মহোদয়ের বরাবর আবেদন দাখিল করা হয়েছে মর্মে অধ্যক্ষ (ভারপ্রপ্রাপ্ত) কর্তৃক দাখিলকৃত আবেদনে উল্লিখিত হয়েছে।

০২. বর্ণিত অবস্থায় বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (স্কুল, কলেজ,মাদরাসা) ম্যানেজিং কমিটি/গভর্ণিং বডি কোন কারণে স্থগিত থাকলে বা সভাপতি না থাকলে সে ক্ষেত্রে বেসরকারি শিক্ষা প্রাতিষ্ঠানসমূহের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি উত্তোলনের স্বার্থে প্রতিষ্ঠানের বিলে উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার ও জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক প্রতিস্বাক্ষর করবেন মর্মে সরকারি সিদ্ধান্ত রয়েছে (সূত্রে বর্ণিত ২ নং স্মারকের কপি সংযুক্ত)।

০৩. এমতাবস্থায় হযরত শাহ্ আলী বোগদাদী (রহঃ) কামিল মাদরাসার গভর্ণিং বডি/এডহক কমিটি পুনরায় গঠিত না হওয়া পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের উক্ত আদেশ (সূত্রের ২ নং স্মারক) অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মতে ০১ ফর্দ।

05.10.17
(মোঃ আফাজ উদ্দীন)
সহকারী পরিচালক (সরঃ ও সিনিঃ মাদরাসা)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা
ফোন নং-৯৩৪৫৮৮০
ই-মেইল-dgmeb.@gmail.com

জেলা প্রশাসক, ঢাকা।

অনুলিপিঃ
১.উপ পরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল।
৩. জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
৪.থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মিরপুর,ঢাকা।
৫. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), হযরত শাহ্ আলী বোগদাদী (রহঃ) কামিল মাদরাসা।
৬.অফিস কপি।